

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ মে ২০২২

ব্যক্তিগত সফরে সিটি মেয়রের মালয়েশিয়া যাত্রা ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ব্যক্তিগত সফরে আজ মঙ্গলবার সকালে চট্টগ্রাম থেকে সড়ক পথে ঢাকায় উদ্দেশ্যে যাত্রা করেন। যাত্রার প্রাক্কালে মেয়রকে বিদায় জানান চসিকের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী, আবদুস সালাম মাসুম, এসরাফুল হক, সংক্ষিত কাউন্সিলর ও উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। তিনি ঢাকা থেকে সন্ধ্যায় মালয়েশিয়ার পথে রওনা করবেন। মেয়র রেজাউল করিম চৌধুরী মালয়েশিয়া সফর শেষে আগামী ২৪ মে'২০২২ খ্রিঃ তারিখে দেশে ফিরবেন বলে কথা রয়েছে। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী মালয়েশিয়ায় অবস্থানকালীন সময়ে বাগমনিরাম ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ মো. গিয়াস উদ্দিন ভারপ্রাপ্ত মেয়র হিসাবে দায়িত্ব পালন করবেন।

আজ অপরাহ্নে মো. গিয়াস উদ্দিন ভারপ্রাপ্ত মেয়রের দায়িত্ব গ্রহণ করে কর্মকর্তা কর্মচারীদের সার্বিক সহযোগিতা কামনা করে বলেন, নগর উন্নয়ন ও নাগরিক সেবায় সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে এবং নাগরিক সেবা যাতে বিঘ্নিত না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে।

মো. গিয়াস উদ্দিন ভারপ্রাপ্ত মেয়রের দায়িত্ব গ্রহণ করায় নগরীর বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনসহ চট্টগ্রাম সিটি কর্পোরেশন সিবিএ নেতৃবৃন্দ তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান ও সফলতা কামনা করেন।

সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটের ফুড কোর্টের উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে ভারপ্রাপ্ত মেয়রকে স্মারকলিপি প্রদান করেন দোকান মালিকগণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিনের নিকট সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটের ৫ তলায় ফুড কোর্ট বরাদ্দপ্রাপ্ত দোকান মালিকরা আজ মঙ্গলবার সকালে তাঁর সাথে সাক্ষত করে স্মারক লিপি প্রদান করেন। স্মারকলিপিতে তারা ফুড কোর্টের বরাদ্দ প্রাপ্ত দোকানের উন্নয়ন কাজ দ্রুত শেষ করে হস্তান্তরের অনুরোধ জানান। ভারপ্রাপ্ত মেয়র মার্কেটে সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে সিদ্ধান্ত জানাবেন বলে বরাদ্দ প্রাপ্ত দোকান মালিকদের আশ্বস্ত করেন। এ সময় উপস্থিত ছিলেন সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটের বরাদ্দপ্রাপ্ত দোকান মালিক ছালেহ আহম্মদ, নিপু নন্দী, মো. আনোয়ার উল্লাহ, মো. ইরফানুল হক, মো. ইব্রাহিম, সালেহ আহম্মদ, মো. জাকির হোসেন, খালেদা আক্তার, মো আব্দুল আওয়াল ও মো. শাহজাহান প্রমুখ।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
ফুটপাত ও রাস্তা দখল করে ব্যবসা পরিচালনার দায়ে
৬ ব্যবসায়ীকে ২৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে সদরঘাট থানাধীন অমর চাঁদ রোডে ফুটপাত ও রাস্তার উপর সাইকেল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩